নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
মানব সম্পদ বিভাগ
বেগমগঞ্জ, নোয়াখালী

নম্বর ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.২১.৮৯৮

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৮
৩০ মে ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি**

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য ইতঃপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো- ২০১৬, সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র এবং বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে।	ক) প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ **৫২** বছরের মধ্যে হতে হবে **(২৩/০৬/২০২১ খ্রিঃ তারিখে)**। খ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। গ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থের অধিকারী হতে হবে। ঘ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং চালনায় পারদর্শী হতে হবে। ঙ) যোগদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা জমা দিতে হবে,যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ফেরৎযোগ্য। চ) নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা এবং নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে ইতঃপূর্বে যারা চাকুরী করেছেন, তাদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।

অন্যান্য শর্তাবলীঃ

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী-এর ওয়েবসাইট www.pbs.noakhali.gov.bd হতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) এর জন্য নির্ধারিত আবেদন **ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)** A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী **২৩/০৬/২০২১** খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী-এর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। **নির্দিষ্ট ফরম ব্যতীত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**

০২। মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মসম্পাদনের অভিজ্ঞতা সংক্রান্ত সকল পবিসের প্রত্যয়ন পত্র (০৩, ০৬, ০৯, ১২ ও ১৫ বৎসর) আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।

(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ চারিত্রিক সনদপত্র।

(ঙ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে, যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য শিক্ষাগত যোগ্যতার সনদ বিবেচনা করা হবে । বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

০৫ । সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশান রিপোর্ট (ইতঃপূর্বে না হয়ে থাকলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর নূন্যতম ০২/০১ (দুই/এক) দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা যেতে পারে। তবে কোন অবস্থাতেই বয়স ৫৫ (পঞ্চান্ন) বৎসরের বেশী হলে তিনি অত্র পবিসের চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না ।

০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না ।

০৭ । ইতঃপূর্বে অন্য কোন সংস্থায় অথবা পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই ।

০৮ । প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ও চাকুরী সংক্রান্ত প্রত্যয়ন পত্রের ভুল তথ্য দিয়ে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ।

০৯ । অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

৩০-৫-২০২১

প্রকৌ. মোঃ গোলাম মোস্তফা

জেনারেল ম্যানেজার

ফোন: 0321-52212

ইমেইল:

gm.noa.pbs@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়): (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

৬) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী

৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪

৮) ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর জোনাল অফিস, নপবিস।

৯) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

১০) এজিএম (ওএন্ডএম), চন্দ্রগঞ্জ সাব জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

১১) সকল বিভাগীয় প্রধান, নপবিস।

১২) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার, মানব সম্পদ বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

১৩) নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.noakhali.gov.bd), নোয়াখালী পবিস।